



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ ১০৭২/৪/রংপুর-৫৩

তারিখঃ ১০.০৫.২০১৯খ্রিঃ

বিষয়: সাময়িক বরখাস্তকৃত সহ-সুপার মো: ইয়াহিয়া সরকারকে স্বপদে বহাল ও বেতন-ভাতা প্রদান না করার বিষয়ে কারণ দর্শানো প্রসঙ্গে।

- সূত্র:**
- ১। মাদ্রাসা শিক্ষা বোর্ডের স্মারক নং-বামাশিবো/প্রশাসন/১০৬০/৪/রংপুর-৫৩; তারিখ: ১০.০৪.২০১৯
 - ২। মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০৪.০৫৭.১৮-৩৪৭; তারিখ: ১২.১২.২০১৮

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার পীরগঞ্জ উপজেলাধীন ঝোরারঘাট শাহ হালেদ দাখিল মাদ্রাসার সহ-সুপার (সাময়িক বরখাস্তকৃত) মো: ইয়াহিয়া সরকার মহামান্য হাইকোর্ট বিভাগের দায়েরকৃত রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ এর প্রেক্ষিতে প্রদত্ত রায় এবং মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের সূত্রোক্ত স্মারকের মাধ্যমে জারিকৃত প্রজ্ঞাপনের আলোকে স্বপদে বহাল ও বেতন-ভাতা প্রদানের জন্য আবেদন দাখিলের প্রেক্ষিতে সূত্রোক্ত ১নংস্মারকে সাময়িক বরখাস্তকৃত সহ-সুপার মো: ইয়াহিয়া সরকার-কে স্বপদে বহাল ও বেতন-ভাতা প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণ পূর্বক ১০ (দশ) কর্ম দিবসের মধ্যে বোর্ডকে অবহিত করার জন্য সভাপতি ও সুপারকে নির্দেশক্রমে অনুরোধ করা হয়। পত্রের আদেশ অমান্য করে মাদ্রাসার সুপার ও সভাপতি সাময়িক বরখাস্তকৃত সহ-সুপার মো: ইয়াহিয়া সরকার-কে স্বপদে বহাল ও বেতন-ভাতা প্রদানের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণ করেননি মর্মে সাময়িক বরখাস্তকৃত সহ-সুপার মো: ইয়াহিয়া সরকার অভিযোগ দাখিল করেছেন।

বর্ণিত অবস্থায় মহামান্য হাইকোর্ট বিভাগের আদেশ, মাদ্রাসা বোর্ডের পত্র ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের জারিকৃত প্রজ্ঞাপনের আলোকে সাময়িক বরখাস্তকৃত সহ-সুপার মো: ইয়াহিয়া সরকার-কে স্বপদে বহাল ও বেতন-ভাতা প্রদানসহ প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহণ না করায় কেন বর্তমান সুপারের এমপিও বন্ধের সুপারিশসহ বিদ্যমান কমিটি ভেঙ্গে দেয়া হবে না সে বিষয়ে সুস্পষ্ট ব্যাখ্যাসহ লিখিত জবাব পত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ) কর্ম দিবসের মধ্যে বোর্ডকে অবহিত করার জন্য সভাপতি ও সুপারকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক:

- ১। সভাপতি, ম্যানিজিং কমিটি, ঝোরারঘাট শাহ হালেদ দাখিল মাদ্রাসা
- ২। সুপার, ঝোরারঘাট শাহ হালেদ দাখিল মাদ্রাসা

নং-বামাশিবো/প্রশাসন/ ১০৭২/৪/রংপুর-৫৩

তারিখঃ ১০.০৫.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, রংপুর।
২. জেলা শিক্ষা অফিসার, রংপুর।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, পীরগঞ্জ, রংপুর।
৪. জনাব মো: ইয়াহিয়া সরকার, সহ-সুপার (সাময়িক বরখাস্তকৃত), ঝোরারঘাট শাহ হালেদ দাখিল মাদ্রাসা, পীরগঞ্জ, রংপুর।
৫. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪